# কমিউনিটিতে বিদেশী হস্তক্ষেপ

বিদেশী সরকারগুলো থেকে প্রাপ্ত হুমকি এবং ভীতি প্রদর্শন কিভাবে রিপোর্ট করা যাবে

FACTSHEET / March 2023

afp.gov.au

## ভূমিকা

বিদেশী হস্তক্ষেপ অষ্ট্রেলিয়ার জনসাধারন, সার্বভৌমত্ব ও নিরাপত্তা, এবং আমাদের জাতীয় প্রতিষ্ঠানসমূহের অখন্ডতার প্রতি হুমকিস্বরুপ (বা হুমকির প্রতিনিধিত্ব করে)। বিদেশী হস্তক্ষেপের হুমকি শুধু অষ্ট্রেলিয়ান কমিউনিটির একটি সেক্টরে সীমাবদ্ধ নয় অথবা একটি একক জাতি-রাষ্ট্র দ্বারা সংঘটিত নয়। শত্রুতাপূর্ণ বিদেশী রাষ্ট্রীগুলো (যে দেশগুলো অন্যান্য দেশের বিরুদ্ধে শত্রুতামূলক কার্যকলাপ চালায়) সরকারের সকল স্তরে সিদ্বান্ত গ্রহনকারী অষ্ট্রেলিয়ানদের এবং গনতান্ত্রিক ইনস্টিটিউশনগুলো; শিক্ষা ও গবেষণা; মিডিয়া ও কমিউনিকেশন; অতি অত্যাবশকীয় অবকাঠামো; এবং গুরুত্বপূর্ণভাবে, আমাদের সাংস্কৃতিক এবং ভাষাগতভাবে বৈচিত্র্যময় (CALD) কমিউনিটিগুলো সহ সমস্ত সেক্টরে হস্তক্ষেপ করার সুযোগ তৈরী এবং তা বাস্তায়ন করার চেষ্টা করছে।

## আমাদের কমিউনিটিতে বিদেশী হস্তক্ষেপ

কমিউনিটিতে বিদেশী হস্তক্ষেপ বলতে বুঝায় যে হুমকি ও ভীতিপ্রর্দশন করা, অষ্ট্রেলিয়ার বহু-সাংস্কৃতিক জীবনধারায় ক্ষতি এবং প্রভাব সৃষ্টি করার জন্য CALD কমিউনিটিগুলোকে লক্ষ্য করে বিদেশী সরকারের তত্ত্বাবধানে অথবা অর্থায়নে পরিচালিত। বিদেশী সরকারগুলো বিভিন্ন কারনে কমিউনিটিগুলোতে হস্তক্ষেপ করতে পারে:

- বিদেশী সরকারের অভ্যন্তরীণ ও বহিরাগত সমালোচনাকে বন্ধ করার জন্য
- CALD গ্রুপের সদস্যদের কার্যক্রম (অফলাইন এবং অনলাইন) নিরক্ষীণ করা
- বিদেশী সরকারের মতামত এবং নীতি প্রচার করা
- বিদেশী সরকারের সুবিধার জন্য তথ্য উপাত্ত সংগ্রহ করা
- বৃহত্তর জনগোষ্টির মতামত ও পরামর্শকে প্রভাবিত করা।

## কমিউনিটিতে বিদেশী হস্তক্ষেপ বিভিন্নভাবে হতে পারে

এগুলোর মধ্যে:

- আক্রমন অথবা হামলার হুমকি
- ব্ল্যাকমেইল
- অপহরণ, বেআইনি আটক বা স্বাধীনতা হরণ
- বেত্রাঘাত এবং অবাঞ্ছিত শারীরিক ও ইলেকট্রনিক নজরদারি

- কোন ব্যাক্তির পরিবার বা বিদেশে বসবাসরত তার কোন সহযোগীদের হুমকি দেওয়ার মধ্যে সংশ্লিষ্ট ব্যাক্তিকে কিছু করতে জোরপূর্বক বাধ্য করা
- কোন ব্যাক্তি বা গোষ্টিকে অসস্মানিত করার জন্য  সোশ্যাল মিডিয়ার মাধ্যমে অনলাইনে বিভ্রান্তিমূলক প্রচারণা চালানো।

গুরুত্বপূর্ণ হল, ফৌজদারি কোড অ্যাক্ট ১৯৯৫ (Cth), অনুযায়ী বিদেশী হস্তক্ষেপ বলতে বুঝায় যে এই ধরনের কার্যক্রম অবশ্য কোন একটি বিদেশী সরকার বা তার কোন প্রতিনিধির (or its proxy) সাথে  অবশ্যই সংযুক্ত হতে হবে। অপরাধের মূল্যায়নের ক্ষেত্রে, আইন প্রয়োগকারী সংস্থাগুলো অস্ট্রেলিয়ার অন্যান্য রাজ্য ও টেরিটরির অপরাধগুলোও বিবেচনা করতে পারে।.

## কাদের টার্গেট করা হয়?

বিদেশী সরকারগুলো নিম্নের বিষয়গুলোকে টার্গেট করতে পারে

- অস্ট্রেলিয়ায় বসবাসকারী সাবেক ও বর্তমান নাগরিক
- রাজনৈতিক ও মানবাধিকার কর্মীগন
- ভিন্নমতাবলম্বীগন
- সাংবাদিকবৃন্দ
- রাজনৈতিক প্রতিপক্ষগন
- ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘু গোষ্ঠী।

## আমি কিভাবে সহায়তা করতে পারি?

কামিউনিটিতে বিদেশী হস্তক্ষেপের সব রিপোর্টগুলোর জন্য AFP এর থেকে  প্রতিক্রিয়া আশা করা যায় না, তবে প্রতিটি রিপোর্টই আগামী সমস্যার একটি চিত্র তৈরীতে সহায়তা দিবে।

যে কোন উদ্বিগ্নতা এবং/অথবা কমিউনিটিতে যে কোন বিদেশী হস্তক্ষেপের ঘটনা  জাতীয় নিরাপত্তা হটলাইন **[National Security Hotline] (NSH)** এ রিপোর্ট করা যেতে পারে।.

- The NSH দিনে ২৪ ঘন্টা, সপ্তাহে ৭ দিনই কাজ করে এবং কমিউনিটিতে সম্ভাব্য যে কোন বিদেশী হস্তক্ষেপের বিষয়ে উদ্বেগ জানাতে এটা হল যোগাযোগের কেন্দ্রবিন্দু।
- আপনার দেয়া তথ্যের ব্যাপারে কি করতে হবে তা NSH অপারেটরগন জানেন, এবং যেখানে উপযুক্ত,  তারা সেই সব তথ্য আইন প্রয়োগকারী ও নিরাপত্তা এজেন্সির কাছে মূল্যায়নের জন্য পাঠাবে।
- NSH অপারেটরগন প্রতিটি কলকে গুরুত্ব সহকারে নেন এবং প্রাপ্ত সমস্ত তথ্যকে যথেস্ট মূল্য (Value) দেন।
- আমরা জানি যে আপনার উদ্বেগের বিষয়টি রিপোর্ট করা আপনরার জন্য একটি বড় পদেক্ষপ হতে পারে। আপনার গোপনীয়তার অধিকারকে আমরা গুরুত্ব সহকারে নেই।  আপনি যদি  আপনার পরিচয় যদি প্রকাশ করতে না চান, তবে দয়া করে অপারেটরকে জানান।
- তথ্যের সংবেদনশীলতার কারনে, আপনার ফোন কল অথবা ইমেলের ফলাফল সম্পর্কে  আপনাকে জানানো হবে না।কমিউনিটিতে বিদেশী হস্তক্ষেপ রোধে আপনার

দেওয়া তথ্য AFP কে সহায়তা করার জন্য কোন তথ্যের প্রয়োজনীয় অনুপস্থিত অংশ হতে পারে।

বিভিন্ন উপায়ে **NSH** এর সাথে যোগাযোগ করা যেতে পারে:

- ফোন করুন: **1800 123 400**
  - অস্ট্রেলিয়ার বাইরে থেকে (+61) 1300 123 401 নম্বারে কল করুন।
  - TTY ব্যবহার কারীদের জন্য (শ্রবণ প্রতিবন্ধীদের ক্ষেত্রে): 1800 234 889 নম্বারে কল করুন।
  - **আপনার যদি একজন দোভাষীর পরয়োজন হয়, দয়া করে দ্যা ট্রান্সলেটিং এন্ড ইন্টারপ্রিটিং সার্ভিস** (the Translating and Interpreting Service) **এ 131 450 নামারে কল করুন এবং জাতীয় নিরাপত্তা হটলাইন** [National Security Hotline] **এ যোগাযোগ করিয়ে দিতে বলুন।**
- **SMS**
  - দয়া করে 0498 562 549 নাম্বারে টেক্সট মেসেজের মাধ্যমে আপনার তথ্য পাঠান।
- **ইমেল**
  - দয়া করে hotline@nationalsecurity.gov.au এ আপনার তথ্য পাঠান
- **পোস্ট:**
  - দয়া করে নীচের ঠিকানায় আপনার তথ্যাবলি পোস্ট করুন:
    National Security Hotline
    Department of Home Affairs
    PO Box 25
    Belconnen ACT 2616

## রিপোর্ট করার অন্যান্য উপায়

আপনি যেখানে যথাযথ উপায়ে সম্ভব, সেখানে অন্যান্য উপায়ে আপনার উদ্বেগগুলো রিপোর্ট করতে পারেন।

- eSafety গুরুতরভাবে অপমানজনক অনলাইন বিষয়বস্তুত অপসারণ করতে সহায়তা করে। অপমানজনক অনলাইন বিষয়বস্তুতর ব্যাপারে আপনি eSafety কমিশনারের কাছে esafety.gov.au/report এর মাধ্যমে রিপোর্ট করতে পারেন।
- আপনি যদি কোন কারনে **হুমকি** বা **অনিরাপদ** অনুভব করেন, তাহলে আপনি নীচের যে কোন উপায়ে যোগাযোগ করতে পারেন:
  - **পুলিশ** - **তাৎক্ষনিক হুমকির জন্য 000 তে**
  - **পুলিশ** - **জীবন হুমকির সন্মুখীন নয় এমন সব ঘটনায় পুলিশের উপস্থিতির জন্য 13 14 44 নাম্বারে ফোন করুন**
- কমনওয়েলথ অপরাধ ফর্ম পূরণপূর্বক কমনওয়েলথ ক্রাইমের ব্যাপরে আপনি AFP এর কাছে forms.afp.gov.au/online_forms/report_a_crime এ রিপোর্ট করতে পারেন। কমনওয়েলথ অপরাধ সম্পর্কিত আরও বিস্তারিত তথ্যের জন্য afp.gov.au/contact-us/report-commonwealth-crime#What-is-a-Commonwealth-crime এ ভিজিট করতে পারেন।

- কমিউনিটির যে কোন সদস্য সন্দেহভাজন গুপ্তচরবৃত্তি বা বিদেশী হস্তক্ষেপের কার্যকলাপ সম্পর্কে AFPএর যে কোন সদস্যর (AFP এর কমিউনিটি লিয়াজোন টিমসহ) সাথে সরাসরি কথা বলে রিপোর্ট করতে পারেন।

## কমিউনিটিতে বিদেশী হস্তক্ষেপ সম্পর্কে রিপোর্ট করে আমি কি আশা করতে পারি?

কমিউনিটি বিদেশী হস্তক্ষেপের প্রতিটি রিপোর্টই অস্ট্রেলিয়ান ফেডারেল পুলিশ (The AFP) তদন্ত করতে পারে না। NSH এর কাছে করা প্রতিটি (ফোন) কল অথবা প্রতিটি অপরাধের রিপোর্টই আলাদা আলাদাভাবে (case-by-case basis) মূল্যায়নের মাধ্যমে কোন অপরাধ সংগঠিত বা চিহ্নিত হয়েছে কি না তা নির্ধারিত করা হয়। একটি প্রতিবেদন তৈরীর ফলাফল নিম্নের বিষয়গুলো হতে পারে:

- কোন প্রতিক্রিয়া নাও থাকতে পারে কারন বিষয়টি হয়তো বা পুলিশের ব্যবস্থা নেওয়ার জন্য আইনের শর্তাবলী পূরণ করে না
- অস্ট্রেলিয়ান ফেডারেল পুলিশ (The AFP) বিষয়টি তদন্ত করে দেখতে পারে
- পুলিশের অন্য কোন শাখা অথবা সরকারের অন্য কোন এজেন্সি বিষয়টি তদন্ত করতে পারে।

অস্ট্রেলিয়ার (ভৌগলিক) এলাকার বাইরে সংগঠিত ঘটনার ক্ষেত্রে বিচার ব্যবস্থার সীমাবদ্ধতা প্রযোজ্য।

## হুমকির প্রকারভেদ

### যদি আপনি ব্যাক্তিগতভাবে হুমকির সন্মুখীন হন

- হুমকিটি ঠিক যেভাবে দেওয়া হয়েছিল সে ভাবে লিখে রাখুন বা রেকর্ড রাখুন
- যে ব্যাক্তি হুমকি দিয়েছে তার সম্পর্কে বিস্তারিত লিখে রাখুন ( নাম, লিঙ্গ, উচ্চতা, ওজন, চুল এবং চোখের রং, গলার স্বর, পোশাকের প্রকৃতি, রঙ বা অন্যন্য স্বতন্ত্র বৈশিষ্ট)।
- পুলিশের কাছে রিপোর্ট করুন।

### আপনাকে যদি ফোনের মাধ্যমে হুমকি দেওয়া হয়

- যদি সম্ভব হয়, আশেপাশের কাউকে শুনার জন্য ইংগিত করুন, পুলিশকে জানান
- এই ফোন কলটি সম্ভব হলে রেকর্ড করুন।
- ঠিক যে শব্দ ব্যবহার করে হুমকি দেওয়া হয়েছে তা লিখে রাখুন ।
- ফোনের ইলেকট্রনিক ডিসপ্লে থেকে যথা সম্ভব তথ্যাবলী রেকর্ড রাখুন
- পুলিশের সাথে বিস্তারিত আলোচনার জন্য সময় রাখুন।

## টেক্সট মেসেজ, সরাসরি/ব্যাক্তিগত মেসেজ, সামাজিক মাধ্যম অথবা ই-মেলসহ ইলেকট্রনিক মাধ্যমে আপনাকে হুমকি দেওয়া হলে

- মেসেজটাকে মুছে ফেলবেন না।
- মেসেজের তথ্যাবলী (বিষয়, তারিখ, সময়, প্রেরক ইত্যাদি) প্রিন্ট করুন, ছবি তুলুন স্ক্রিনশর্ট নিন বা কপি করুন। মেসেজগুলো অস্থায়ী হিসাবে ডিজাইন করার কারনে বার্তগুলো সেভ করতে বা স্ক্রিনশর্ট নেওয়া নিশ্চিত করুন।
- হুমকি পাওয়ার সাথে সাথে পুলিশকে জানান।
- সমস্ত ইলেকট্রনিক প্রমাণ সংরক্ষণ করুন।

### এই ধরনের হুমকি থেকে নিজেকে রক্ষা করতে নীচের টিপসগুলো অনুসরণ করুন:

- আপনি চিনেন না এমন কারও কাজ থেকে ইলেকট্রনিক মেসেজ বা এটাচমেন্ট পেলে তা খুলবেন না
- অজানা বা অযাচিত ব্যাক্তির সাথে সোশ্যাল মিডিয়াতে যোগাযোগ করবেন না।
- আপনার ডিভাইস/অ্যাকাউন্ট এ নিরাপত্তা সেটিংস সুরক্ষার সর্বোচ্চ স্তরে থাকা নিশ্চিত করুন।
- সাইবার ক্রিমিনালরা আপনার ডিভাইস হ্যাক করতে পারে এবং আপনার ব্যাক্তিগত তথ্যাবলী প্রকাশ করে দিতে পারে
- আপনার পরিচয় চুরি যাওয়ার পরিপ্রেক্ষিতে আপনার একাউন্ট রক্ষা করতে আপনার আর্থিক প্রতিষ্ঠানগুলোর সাথে যোগাযোগ করুন।
- শক্তিশালী পাসফ্রেজ ব্যবহার করুন এবং একই পাসফ্রেজ একাধিক ওয়েভসাইটে ব্যবহার করবেন না।
- অ্যান্টি-ভাইরাস এবং অ্যান্টি-ম্যালওয়ার অ্যাপ্লিকেশনগুলোর সর্বশেষ ভার্সন থাকা নিশ্চিত করুন।
- প্রয়োজন অনুসারে সিস্টেম এবং সফটওয়ারগুলোর সর্বশেষ ভার্সন ব্যবহার করুন।
- দ্বি-ফ্যাক্টর প্রমানীকরণ প্রয়োগ করুন।
- নিয়মিত ডাটা ব্যাকআপ করুন।
- আপনার মোবাইল ডিভাইসগুলোর সুরক্ষা নিশ্চিত করুন।
- সাইবার নিরাপত্তা ও সচেতনতা সম্পর্কে আপনার চিন্তাভাবনা নিশ্চিত করুন।
- আরও তথ্যের জন্য cyber.gov.au এ ভিজিট করুন।